

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৫৯.১৭/২০১৯ হি-১

তারিখঃ ১৪/০২/১৪২৫ বঃ
২৮/০৫/২০১৮ খ্রিঃ

বরাবর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা।

বিষয়ঃ তেজগাঁওস্থ বাংলাদেশ স্টেশনারী অফিস স্টাফ কোয়ার্টার নং-২ ও ৩ এর কিচেন রুমে টাইলসসহ স্যানিটারী ফিটিং এবং ড্রেন এপ্রোনের বিশেষ মেরামত কাজের জন্য চলতি ২০১৭-২০১৮ আর্থিক সালে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে চলতি ২০১৭-২০১৮ আর্থিক সালে খরচ করিবার জন্য ১৪,৯০,০৯৪/- (চৌদ্দ লক্ষ নয় হাজার চারানব্বই) টাকা মাত্র বরাদ্দ করা হইল।

উক্ত খরচ উপ পরিচালক (উপ সচিব), বাংলাদেশ স্টেশনারী অফিস (প্রশাসন শাখা), তেজগাঁও, ঢাকা এর স্মারক নং-১৩৫৯/২ তারিখঃ ১৭/০১/২০১৮ খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-১/৩৮৯ তারিখ ১১/০৪/২০১৮ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর নিকট ন্যস্তকৃত ১৪,৯০,০৯৪/- টাকা হিসাবের কোড নং-৩-০৭৫৯-০০১১-৭০১১-বাসভবন খাতের ২০১৭-২০১৮ আর্থিক সালের বাজেট বরাদ্দের অর্থ হইতে সংকুলান/বহন করিতে হইবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করিতে হইবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা এর নিকট পুনঃ বরাদ্দ প্রদান করিয়া অত্র অধিদপ্তরকে অবহিত করিতে অনুরোধ করা যাইতেছে।
উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিয়োক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবেঃ

- শর্তসমূহ (ক) প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করিয়া অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করিতে হইবে এবং কাজ যথাযথভাবে সম্পাদন করা হইয়াছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হইতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করিতে হইবে।
(খ) বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালে ব্যয় করিতে হইবে এবং ব্যয়ের হিসাব অত্র দপ্তরের প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করিতে হইবে।
(গ) আর্থিক ব্যয়ের স্বচ্ছতার লক্ষ্যে সরকারি সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।
(ঘ) এ অর্থ ব্যয়ে/এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হইলে বিল পরিশোধকারী দায়ী থাকিবেন।
(ঙ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে সমর্পণ করিতে হইবে।

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

coord@pwd.gov.bd

তারিখঃ ১৪/০২/১৪২৫ বঃ
২৮/০৫/২০১৮ খ্রিঃ

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৫৯.১৭/২০১৯/৪(১) হি-১

- অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :
- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
 - ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
 - ৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 - ৫। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
 - ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (প্রকল্প সার্কেল-১), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ৭। উপ পরিচালক (উপ সচিব), বাংলাদেশ স্টেশনারী অফিস (প্রশাসন শাখা), তেজগাঁও, ঢাকা। ইহা উপরোক্ত তাহার স্মারক ও তারিখের প্রেক্ষিতে।
 - ৮। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা।
 - ৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ১০। নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা উপরোক্ত তাহার স্মারক ও তারিখের প্রেক্ষিতে।
 - ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
 - ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ১৫। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪